

প্রস্তাবিত ইসলামবিদ্যেী শিক্ষানীতি বাতিল করতে হবে মাদ্রাসা শিক্ষাকে সংকোচনের কোন চক্রান্তি জনগণ বরদাশত করবে না

সভা-সমাবেশে নেতৃবৃন্দ

স্টাফ রিপোর্টার : প্রস্তাবিত শিক্ষানীতি বাতিল করে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করতে হবে; সংবিধানবিরোধী, ধর্মহীন খসড়া শিক্ষানীতি বাতিল করতে হবে। আধুনিকতার নামে ধর্ম শিক্ষা ও মাদ্রাসা শিক্ষাকে সংকোচন করার কোন চক্রান্তি জনগণ বরদাশত করবে না। ইসলামবিদ্যেী খসড়া শিক্ষানীতি প্রত্যখ্যান্য না করলে সরকারকে ৯০% মুসলমানের রোয়ালনে পড়তে হবে। জনগণ ইসলামবিরোধী অপশক্তির এক্কেভা বাস্তবায়ন করতে দিবে না। মাদ্রাসা শিক্ষার ধারাকে বাদ দিয়ে কোন জাতীয় শিক্ষানীতি হতে

পারে না। ইসলামবিদ্যেী প্রস্তাবিত খসড়া জাতীয় শিক্ষানীতি বাতিলের দাবীতে, বিভিন্ন সংগঠন আয়োজিত সভা-সমাবেশ ও বিবৃতিতে নেতৃবৃন্দ একথা বলেন। খেলাফত আন্দোলন : প্রস্তাবিত খসড়া শিক্ষানীতি বাতিল এবং সকল স্তরে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করার দাবীতে গতকাল বাদ জুমা গুলিস্তান গোলাপশাহ চত্বরে বাংলাদেশ খেলাফত আন্দোলন আয়োজিত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, সংবিধানবিরোধী, ধর্মহীন খসড়া শিক্ষানীতি বাতিল করে সর্বস্তরে ধর্মশিক্ষা বাধ্যতামূলক

পৃ ৪৫ ক ৪৬

মাদ্রাসা শিক্ষাকে সংকোচনের

১৬-এর পৃষ্ঠার পর

করতে হবে। আধুনিকতার নামে ধর্মশিক্ষা ও মাদ্রাসা শিক্ষাকে সংকোচনের কোন চক্রান্তি জনগণ বরদাশত করবে না। জনগণ ইসলামবিরোধী অপশক্তির এক্কেভা বাস্তবায়ন করতে দিবে না। দর্শীয় মহাসচিবের সভাপতিত্বে এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দলের নামেই আর্মীর আলফাজ আনিসুর রহমান জিন্নাহ, ঢাকা মহানগরী আর্মীর মাওলানা মুক্তিবুর রহমান হামিদী, মাওলানা আইনুল ইসলাম, মাওলানা ফখরুল ইসলাম, মোঃ আজম খান, মাওলানা ফিরোজ আশরাফী ও সুলতান মহিউদ্দিন। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, করণী মাদ্রাসা শিক্ষাধারাকে বাদ দিয়ে কোন জাতীয় শিক্ষানীতি হতে পারে না। ইসলামী আদর্শ নৈতিকতার ভিত্তিতে এদেশের শিক্ষানীতি প্রণীত হতে হবে। নেতৃবৃন্দ শিক্ষা কমিশন থেকে অধ্যাপক কর্নীর চৌধুরীকে বরখাস্ত করার দাবী জানান।

ন্যাশ ভাসানী

ঢাকা মহানগর ন্যাপের উদ্যোগে গতকাল মুক্তাভনে ধর্মহীন শিক্ষানীতির প্রতিবাদে এক মানববন্ধন কর্মসূচী পালিত হয়। ঢাকা মহানগর ন্যাপের সভাপতি রমজান আলী ভূঁইয়ার সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন জাতীয় শিক্ষা কমিশন মহাসচিব আবু নাসের মোহাম্মদ রহমতুল্লাহ, এনভিপি'র প্রেসিডিয়াম সদস্য মাওলানা আইনুল ইসলাম আলমগীর মল্লমদার, আলতাফ হোসেন মুন্না। মানববন্ধন কর্মসূচীতে উপস্থিত নেতৃবৃন্দ সরকারের ধর্মহীন শিক্ষা নীতির তীব্র সমালোচনা করে জা বাতিলের জোর দাবী জানান এবং তেল গ্যাসসহ অন্যান্য খনিজ সম্পদ বিদেশীদের কাছে ইচ্ছার দোহা থেকে বিক্রত থাকার জন্য সরকারকে আহ্বান জানান।

ফরায়েজী জামাত

বাংলাদেশ ফরায়েজী জামাতের কেন্দ্রীয় নেতা ও বাহাদুরপুর পীরজানা হাজী মুবিন উদ্দিন আহমেদ (মতগাঁন মিয়া) এক বিবৃতিতে অবিলম্বে ধর্মহীন খসড়া শিক্ষানীতি প্রত্যখ্যান্যের দাবী জানিয়ে বলেন, ৯০% মুসলমানের দেশে ঘুরা শিক্ষানীতিতে ধর্মশিক্ষা বাদ দেয়ার সুপারিশ করেছে তাদের বিরুদ্ধে শারিমূলক ব্যবস্থা নিতে হবে। তিনি শিক্ষার সর্বস্তরে ধর্মীয় শিক্ষাকে বাধ্যতামূলক করার দাবী জানিয়ে সবার কাছে গ্রহণযোগ্য জাতীয় শিক্ষানীতি প্রণয়নের ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আত হস্তক্ষেপ কামনা করেন। বাতিল প্রতিরোধ পরিষদ

বাতিল প্রতিরোধ পরিষদের সভাপতি হাজী

ফালাল উদ্দিন বকুল প্রস্তাবিত ধর্মহীন খসড়া শিক্ষানীতি পুনঃসম্পাদনের আহ্বান জানিয়ে সর্বস্তরে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করার জোর দাবী জানান। এক বিবৃতিতে তিনি বলেন, ধর্মনিরপেক্ষতার নামে দেশ থেকে ইসলামকে নিচিহ্ন করার হীন মানসেই ইসলামবিদ্যেী শিক্ষা কমিশন নিয়ে মাদ্রাসা শিক্ষা বন্ধের পায়তারা চালানো হচ্ছে। মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র এদেশের মানুষ মেনে নিবে না।

সচেতন যুব ফোরাম

সচেতন যুব ফোরামের মহাসচিব মীর মোঃ আমির হোসেন এক বিবৃতিতে প্রস্তাবিত ধর্মহীন শিক্ষানীতি হত্যাধারের দাবী জানিয়ে বলেন, মুসলমানদের শিত সন্তানদের ধর্মীয় শিক্ষা থেকে বঞ্চিত করার কারো অধিকার নেই। তিনি অবিলম্বে ইসলামবিদ্যেী শিক্ষা কমিশনের সদস্যদের বরখাস্ত করে সর্বস্তরে ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করার জোর দাবী জানান। তিনি বলেন, এদেশের মুসলমানরা

বেঁচে থাকতে ধর্মহীন শিক্ষা বাবস্থা বাস্তবায়ন করতে দেবে না।

ইসলামিক ফ্রন্ট

ইসলামিক ফ্রন্ট, মোহাম্মদপুর থানার সভাপতি মাওলানা মোঃ শফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক মাওলানা মোঃ জিয়াউল হক রেজভী, মহানগর সদস্য এমএম শাহী বাবী বিপ্লব খিজির, হাফেজ শাহ আলম আবেদী, লাল মিয়া সর্দার প্রমুখ এক বিবৃতিতে বলেন, মাদ্রাসা শিক্ষকদের প্রাণপ্রিয় পত্রিকা দৈনিক ইনকিলাবের প্রতিষ্ঠাতা মরহুম মাওলানা এম এ মন্নান (রঃ)-এর প্রতিষ্ঠিত বাংলাদেশ জমিয়াতুল মোদারের্টীনের সকল প্রাচীন শিক্ষানীতি, ২০০৯-এ মেনে নিয়ে নতুন করে শিক্ষানীতিতে সংযোজন করার জন্য নেতৃবৃন্দ মহাজোট সরকারের প্রতি আহ্বান জানান। নেতৃবৃন্দ বলেন, অতীতেও জমিয়াতুল মোদারের্টীনের শক্তিকে ঐক্যবদ্ধ করে মরহুম মাওলানা এমএ মন্নান (রঃ) মাদ্রাসার শিক্ষকদের ন্যায্য দাবী আদায়ে সরকারকে বাধ্য করতে সক্ষম হয়েছেন। তিনি জীবনের শেষ নিঃশ্বাস পর্যন্ত মাদ্রাসা শিক্ষার উন্নয়নে নিজেকে সম্পূর্ণ রেখেছেন। তারই বশু বাস্তবায়ন করতে জমিয়াতুল মোদারের্টীন নিরলসভাবে কাজ করতে যাচ্ছে। নেতৃবৃন্দ জমিয়াতুল মোদারের্টীনের দাবী-সাবগা মেনে নিয়ে মরহুম মাওলানা এমএ মন্নান (রঃ)-এর বশু বাস্তবায়ন করার জন্য সরকারের প্রতি জোর দাবী জানান।